## বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

কেন্দ্রীয় ইনোভেশন টিম, সদর দফতর, ঢাকা।

**বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ক্র. নং | সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল (গুণগত বা পরিমাণগত পরিবর্তন) | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | জেনারেল একাউন্টিং সিস্টেম (GAS) | বিএইচবিএফসি'র হিসাবায়ন সংক্রান্ত কাজ সম্পাদনের জন্য General Accounting Software (GAS) প্রস্তুত করা হয়েছে। এই সিস্টেম ব্যবহার করে বিএইচবিএফসি'র সদর দপ্তরসহ সকল জোনাল অফিস, রিজিওনাল অফিস ও শাখা অফিসের আর্থিক বিবরণী যেমন ভাউচার, Cashbook, Journel, Ledger, Subsidiary Ledger, GL Statement, ট্রায়াল ব্যালান্স, ইনকাম স্টেটমেন্ট, ব্যালান্স শিট ইত্যাদি প্রস্তুত করা যাচ্ছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) হিসাবায়ন কাজ নির্ভুল ও দ্রুততর সময়ে সম্পন্ন করা যাচ্ছে।<br>খ) ভাউচার, ক্যাশবুক, সকল লেজার ও বার্ষিক হিসাব সমাপ্তির যাবতীয় রিপোর্ট (ট্রায়াল ব্যালেন্স, প্রফিট এন্ড লস একাউন্ট, ব্যালেন্স শীট ইত্যাদি) জেনারেট ও প্রিন্ট করে সংরক্ষণ করার সুযোগ আছে। পাশাপাশি সফট কপি আকারেও সংরক্ষণ করার সুবিধা আছে।<br>গ) সময়, খরচ, যাতায়াত হ্রাস পেয়েছে। কাজের দক্ষতা বৃদ্ধি পেয়েছে। | *http://192.168.153.28:8089/BHBFC/ | বাস্তবায়নকাল ২০২১-২০২২ অর্থ বছর। |
| ২ | API এর মাধ্যমে পেমেন্ট গ্রহণ ও রিয়েল টাইমে প্রসেস | সোনালী ব্যাংক লি: এর সাথে API (Application Programming Interface) এর মাধ্যমে ঋণের সকল ধরনের পেমেন্ট গ্রহণ ও রিয়েল টাইমে প্রসেস করা হয়। যাহার মাধ্যমে আমাদের জেনারেল একাউন্টিং সফটওয়্যার এ অটো ভাউচার এবং Loan Management System (LMS) এ অটোপোস্টিং হয়ে আর্থিক বিবরণীতে প্রতিফলিত হয়। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) গ্রাহক সোনালী ব্যাংকের যে কোন শাখায় ঋণের কিস্তি, আবেদন ফি, পরিদর্শন ফি, ভ্যাট ও অন্যান্য ফি পরিশোধ করা যাচ্ছে।<br>খ) ঋণ গ্রহীতা সোনালী ব্যাংকের হিসাব নম্বর ডেবিট করে বিএইচবিএফসি'র ঋণের কিস্তি/আনুষাঙ্গিক অর্থ পরিশোধ করা যাচ্ছে।<br>গ) ঋণ গ্রহীতা সোনালী ব্যাংকের Sonali Payment Gateway'র মাধ্যমে কার্ড (Amex, Visa Card and Master Card) এবং মোবাইল ব্যাংকিং (রকেট, বিকাশ ও নগদ) ব্যবহার করে ঋণের কিস্তি ও অন্যান্য ফি পরিশোধ করা যাচ্ছে। | *http://192.168.153.28:8089/BHBFC/ | বাস্তবায়নকাল ২০২১-২০২২ অর্থ বছর। |
| ৩ | ঋণ প্রদান সহজীকরণ | দ্রুত ও স্বচ্ছতার ভিত্তিতে ঋণ সেবা প্রদানের লক্ষ্যে জমির দলিল দস্তাবেজ জমাদানে সহজীকরণ করা হয়েছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) সরকারি প্লটের ক্ষেত্রে দলিল হারানো বা পুড়ে গেলে, বিনষ্ট হলে এবং সাব রেজিস্ট্রি অফিস হতে উত্তোলন না করার কারণে ধ্বংস হলে উপযুক্ত প্রমাণ/কাগজপত্রাদি দাখিল সাপেক্ষে দলিলের অবিকল নকলের কপি গ্রহণ করে নথি প্রসেস করা যাচ্ছে।<br>খ) ঋণ আবেদনকারীর ডি.সি.আর যদি হারিয়ে যায় সেক্ষেত্রে উহা ব্যতীত নথি প্রসেস করা যাচ্ছে।<br>গ) নামের তারতম্যের বিষয়ে ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/ নোটারী পাবলিকের সম্মুখে সম্পাদিত হলফনামা গ্রহণ করা যাচ্ছে।<br>ঘ) নকশা অনুমোদনপত্রের মূল কপি হারিয়ে গেলে কেইস টু কেইস ভিত্তিতে যাচাই সাপেক্ষে অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত নকশা অনুমোদনপত্রের কপি গ্রহণ করা যাচ্ছে। | এই সেবাটি শাখা অফিস হতে দেওয়া হয় বিধায় লিংক নেই। | বাস্তবায়নকাল ২০২১-২০২২ অর্থ বছর। |

*বিএইচবিএফসির সিকিউরড ভিপিএন এর মাধ্যমে সংযোগ পাওয়া যায়।

চলমান পাতা -২

# বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

কেন্দ্রীয় ইনোভেশন টিম, সদর দফতর, ঢাকা।

**বিষয়: ইতঃপুর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**



| ক্র. নং | সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল (গুণগত বা পরিমাণগত পরিবর্তন) | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৪ | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (MIS) | বিএইচবিএফসি'র ঋণ মঞ্জুরী, ঋণ বিতরণ, ঋণ আদায়, ঋণের শ্রেণী বিন্যাস, খরিদাবাড়ী দখল ও বিক্রয়, বিভিন্ন ধরণের মামলা দায়ের ও নিষ্পত্তি এবং অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ের তথ্য এক নজরে অবলোকন করা যাচ্ছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) ঋণ মঞ্জুরী, ঋণ আদায়, মামলা, খড়িদাবাড়ী ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ের শাখা ভিত্তিক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন নির্ণয় করা যাচ্ছে।<br>খ) ঋণ মঞ্জুরী, ঋণ আদায়, মামলা, খড়িদাবাড়ী ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ের শাখা ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক, বাৎসরিক অর্থাৎ বিভিন্ন পর্যায়ের বিশ্লেষণধর্মী রিপোর্ট পাওয়া যাচ্ছে।<br>গ) রিয়েলটাইম তথ্যের সমন্বয়ে যে কোন মুহূর্তেই যে কোন শাখার রিপোর্ট প্রস্তুত করা যাচ্ছে।<br>ঘ) ডাটার সঠিকতা নিশ্চয়তার মাধ্যমে কর্তৃপক্ষের সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ সহজ হচ্ছে। | *http://192.168.153.28:8089/BHBFC/ | বাস্তবায়নকাল ২০২০-২০২১ অর্থ বছর। |
| ৫ | পেনশন পেমেন্ট সিস্টেম | বিএইচবিএফসি'র পেনশন সংক্রান্ত কাজ সম্পাদনের জন্য Pension Payment System (PPS) প্রস্তুত করা হয়। পেনশনারগণ পেমেন্ট সম্পর্কিত সকল তথ্য পেয়ে থাকেন। তাছাড়া সিস্টেমটিতে SMS এবং আমাদের ওয়েবমেইল ইন্টিগ্রেশন করা আছে। এই সিস্টেম হতে পেনশনারগণকে নিয়মিত SMS এবং ইমেইল প্রদান করা হয়। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) দীর্ঘসূত্রিতা হ্রাস পেয়েছে।<br>খ) অফিস ভিজিটের কোন দরকার নেই।<br>গ) গ্রাহকের কোন ব্যয় নির্বাহ করতে হচ্ছে না।<br>ঘ) পেনশনারগণের HB এডভান্স সহজে সমন্বয় হচ্ছে। | *http://192.168.153.28:8089/BHBFC/ | বাস্তবায়নকাল ২০২০-২০২১ অর্থ বছর। |
| ৬ | ওয়ান স্টপ সার্ভিস | সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত সেবা, ঋণ সেবা গ্রহণের নিয়মাবলী এবং নথির অবস্থান সংক্রান্ত বিষয়ে চাহিত তথ্য একটি ডেস্ক হতে প্রদান করা যাচ্ছে। উল্লেখ্য, ২৫ টি শাখা অফিসে এই সার্ভিসটি চালু হয়েছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) প্রোডাক্ট ভিত্তিক ঋণ সেবা গ্রহণের নিয়মাবলী ও আবেদন প্রক্রিয়া সংক্রান্ত সেবা প্রদান করা যাচ্ছে।<br>খ) প্রোডাক্ট ভিত্তিক ঋণ সেবা গ্রহণের জন্য আবেদন ফরম সরবররাহ, আবেদন ফি সংক্রান্ত সেবা প্রদান করা যাচ্ছে।<br>গ) ঋণের আবেদন গ্রহণ ও ঋণ প্রক্রিয়া পদ্ধতি এবং নথির অবস্থান সংক্রান্ত বিষয়ে চাহিত তথ্য ও সেবা প্রদান করা যাচ্ছে।<br>ঘ) ঋণের স্টেটমেন্ট, রিসিডিউল, হিসাব নিষ্পত্তি/দলিল ফেরত, ঋণ আদায়/পরিশোধ, আইন ও প্রকৌশল রিপোর্ট সংক্রান্ত যে কোন ধরনের সেবা প্রদান করা যাচ্ছে।<br>ঙ) গ্রাহকের চাহিদা অনুযায়ী যে কোন ধরনের সেবা প্রদান করা যাচ্ছে। | এই সেবাটি শাখা অফিসের ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক হতে দেওয়া হয় বিধায় লিংক নেই। | বাস্তবায়নকাল ২০২০-২০২১ অর্থ বছর। |

*বিএইচবিএফসির সিকিউরড ভিপিএন এর মাধ্যমে সংযোগ পাওয়া যায়।

# বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

কেন্দ্রীয় ইনোভেশন টিম, সদর দফতর, ঢাকা।



**বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ক্র. নং | সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল (গুণগত বা পরিমাণগত পরিবর্তন) | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৭ | সেন্ট্রালাইজড স্যালারী সিস্টেম | সকল কর্মকর্তা/কর্মচারীদের বেতন সংক্রান্ত কাজ সম্পাদনের জন্য Payroll Management System (PRMS) প্রস্তুত করা হয়েছে। এই সিস্টেমের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারী গণ monthly Payslip সহ স্যালারি সার্টিফিকেট, ট্যাক্স সার্টিফিকেট, কর্তন বিবরণী পেয়ে থাকে। তাছাড়া সিস্টেমটিতে SMS এবং আমাদের ওয়েবমেইল ইন্টিগ্রেশন করা আছে। ফলে সিস্টেম হতে নিয়মিত SMS এবং ইমেইল প্রদান করা হয়। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) মাঠ কার্যালয়ে বেতন তৈরিতে কোন লোকবল নিয়োজিত করতে হচ্ছে না।<br>খ) একটি অনলাইন ব্যাংক একাউন্টের মাধ্যমে দেশের যে কোন প্রান্ত হতে বেতন উত্তোলন করা যায়। | *http://192.168.153.28:8089/BHBFC/ | বাস্তবায়নকাল ২০১৮-২০১৯ অর্থ বছর। |
| ৮ | রুরাল এন্ড পেরি আরবান হাউজিং ফাইনান্স প্রজেক্ট | পরিকল্পিত আবাসন সৃষ্টির জন্য দেশের শহরতলী ও গ্রামীন এলাকায় বহুতল ভবন নির্মাণে ঋণ প্রদানের মাধ্যমে দেশের কৃষি জমি রক্ষা করা এবং প্রাপ্তব্য আর্থিক সহায়তার যথাযথ বিনিয়োগের মাধ্যমে প্রাতিষ্ঠানিক ভিত্তি সুদৃঢ় করা। একই সাথে গ্রামীণ জনগোষ্ঠীর জন্য পরিকল্পিত আবাসন ও চাষযোগ্য জমি হ্রাস রোধ করাই এ সেবার মূল উদ্দেশ্য। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) গ্রামীণ জনগোষ্ঠী পরিকল্পিত আবাসনের আওতায় আসছে।<br>খ) গ্রামীণ জীবনযাত্রার মান উন্নয়ন হচ্ছে।<br>গ) অপরিকল্পিত গৃহায়ন নিরুৎসাহিত হচ্ছে।<br>ঘ) চাষযোগ্য জমি রক্ষা পাচ্ছে।<br>ঙ) খাদ্য উৎপাদন বাড়ছে। | বিএইচবিএফসির ওয়েবসাইটে এ সংক্রান্ত তথ্য পাওয়া যাবে। | বাস্তবায়নকাল ২০১৯-২০২০ অর্থ বছর। |
| ৯ | মোবাইল অ্যাপস এর মাধ্যমে অধিকতর গ্রাহকসেবা প্রদান | নাগরিকগণ কর্পোরেশনের বিস্তারিত পরিচিতি, ঋণ আবেদন সম্পর্কিত প্রয়োজনীয় দলিলাদির বিবরণ, ঋণের বিপরীতে তার পরিশোধের পরিমান ইত্যাদি সকল ধরণের তথ্যসহ ঋণের কিস্তি সম্পর্কিত সকল হালনাগাদ তথ্য মোবাইল অ্যাপস এর মাধ্যমে পাচ্ছেন। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) বিদ্যমান মোবাইল অ্যাপ এ গ্রাহক কর্পোরেশনের বিস্তারিত পরিচিতি, ঋণ আবেদন সম্পর্কিত প্রয়োজনীয় দলিলাদির বিবরণ, ঋণের বিপরীতে তার পরিশোধের পরিমাণ ইত্যাদি সকল ধরণের তথ্য পেয়ে থাকেন।<br>খ) বিদ্যমান মোবাইল অ্যাপ এ নতুন ফিচার সংযোজন এর মাধ্যমে গ্রাহকের ঋণ পরবর্তী ঋণের কিস্তি সম্পর্কিত সকল হালনাগাদ তথ্য প্রাপ্তি সহজতর হচ্ছে। | https://play.google.com/store/apps/details?id=com.mcc.bhbfc&hl=en&gl=US | বাস্তবায়নকাল ২০১৭-২০১৮ অর্থ বছর। |
| ১০ | এসএমএস এর মাধ্যমে গ্রাহকসেবা প্রদান | ঋণ গ্রহীতার মোবাইলে এসএমএস এর মাধ্যমে নিয়মিত ঋণ সম্পর্কিত তথ্য প্রেরণ। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) গ্রাহককে এসএমএস-র মাধ্যমে পরিশোধিত টাকার পরিমাণ এবং ক্ষেত্রবিশেষে বকেয়ার পরিমাণ নিয়মিত ভাবে জানিয়ে দেওয়া যাচ্ছে। এতে বকেয়া পরিশোধে তাগাদা দেওয়া যাচ্ছে।<br>খ) গ্রাহক মোবাইলে সব তথ্য পাবেন বিধায় গ্রাহকের সময় ও খরচ সাশ্রয় হচ্ছে এবং যাতায়াত হ্রাস পাচ্ছে। | https://isms.sslwireless.com/home.php | বাস্তবায়নকাল ২০১৭-২০১৮ অর্থ বছর। |
| ১১ | ঋণ পরিশোধত্তোর বন্ধকী দলিলপত্র ফেরত প্রদান ও রেহেন খালাস | ঋণ পরিশোধ উত্তোর বন্ধকী দলিলপত্র ফেরত প্রদান | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) নাগরিকগণ ঘরে বসে অনলাইনে বন্ধকী দলিলপত্র ফেরতের আবেদন করতে পাচ্ছে।<br>খ) কম সময়ে নাগরিক বন্ধকী দলিলপত্র ফেরত পাচ্ছেন ও নাগরিক ভোগান্তি দুর হয়েছে। | https://bhbfc.org/deed_return/ | বাস্তবায়নকাল ২০২২-২০২৩ অর্থ বছর। |

# বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

কেন্দ্রীয় ইনোভেশন টিম, সদর দফতর, ঢাকা।

**বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ক্র. নং | সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল (গুণগত বা পরিমাণগত পরিবর্তন) | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১২ | ইনভেন্টরী ম্যানেজমেন্ট | কেন্দ্রীয় স্টোরের মালামাল এর হিসাবরক্ষণে সহজীকরণ, মালামালের মজুদ যাচাই এবং সে অনুযায়ী মালামাল ক্রয়ের ব্যবস্থা গ্রহণ, মালামাল ক্রয়ের মূল্য সংরক্ষণ ও মালামাল বিতরণ/বন্টনে সুষ্ঠু ব্যবস্থাপনা আনয়ন এবং মজুত পণ্যের মেয়াদোত্তীর্ণ হওয়ার পূর্বে ব্যবস্থা গ্রহণ। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) কেন্দ্রীয় স্টোরের মালামাল এর হিসাবরক্ষণে সহজীকরণ হয়েছে;<br>খ) মালামাল বিতরণ/বন্টনে সুষ্ঠু ব্যবস্থাপনা সম্ভব হয়েছে;<br>গ) রেকর্ড/তথ্য সংরক্ষণ সুবিন্যাস্ত ও ডিজিটাইজড করা সম্ভব হয়েছে। | *http://192.168.153.28:8089/BHBFC/ | বাস্তবায়নকাল ২০২৩-২০২৪ অর্থ বছর। |
| ১৩ | স্মা হোম লোন (sHL) | ঋণের আবেদনসহ সকল আবেদন অনলাইনে জমা প্রদান, আবেদন প্রক্রিয়াকরণ, ঋণ মঞ্জুরী, ঋণ বিতরণ, ঋণ হিসাবায়ন, ঋণ আদায় ও দলিলপত্র ফেরত প্রদান দ্রুত ও স্বল্প সময়ে সম্পাদন করা সম্ভব হবে; | সেবা/আইডিয়াটি কার্যকর আছে। | ক) ঋণের আবেদনসহ সকল আবেদন অনলাইনে জমা প্রদান, আবেদন প্রক্রিয়াকরণ, ঋণ মঞ্জুরী, ঋণ বিতরণ, ঋণ হিসাবায়ন, ঋণ আদায় ও দলিলপত্র ফেরত প্রদান দ্রুত ও স্বল্প সময়ে সম্পাদন করা সম্ভব হবে;<br>খ) ঋণ মঞ্জুরী ও বিতরণ সেবার মান বৃদ্ধি পেয়েছে;<br>গ) সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সম্ভব হবে;<br>ঘ) অফিস ব্যবস্থাপনা সহজীকরণ সম্ভব হবে;<br>ঙ) ঋণ আবেদনকারী কর্তৃক ঘরে বসেই ঋণ নথি ট্রাকিং করতে পারবেন;<br>চ) সময় এবং অর্থ সাশ্রয়ের মাধ্যমে উন্নত ঋণ সেবা প্রদান সম্ভব হবে;<br>ছ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকারের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে সহায়ক হবে। | *http://192.168.153.29:8087/SignIn | বাস্তবায়নকাল ২০২৩-২০২৪ অর্থ বছর। |

*বিএইচবিএফসির সিকিউরড ভিপিএন এর মাধ্যমে সংযোগ পাওয়া যায়।

Rasel
03.04.2024
আহসান হাবীব রাসেল
সিস্টেম এনালিস্ট
আইসিটি (অপারেশন) বিভাগ

03.04.2024
মোঃ তারেক ইমতিয়াজ খান
সহকারী মহাব্যবস্থাপক
আইসিটি (অপারেশন) বিভাগ

০৩/০৪/২০২৪
মোহাম্মদ নজরুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক
আইসিটি (অপারেশন) বিভাগ
সদর দফতর, ঢাকা